কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

ফোন : ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৯১১৮৪১৫
ই-মেইল : bjriinfo@yahoo.com

নম্বর-১২.২৩.০০০০.০০৪.১১.০২৮.১৮.২৩২৭(২৭)

তারিখ- ৬/২/১৯

বিষয়ঃ বিজেআরআই এর বিভিন্ন গ্রেডভুক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর বিভিন্ন গ্রেডভুক্ত বর্ণিত ৩৬টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

| নং | পদের নাম | বেতন স্কেল-২০১৫ | সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) | ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০৮টি |
| ২ | সহকারী পরিচালক | ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১টি |
| ৩ | জুনিয়র ফিল্ড এসিসটেন্ট (জেএফএ) | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৭টি |
| ৪ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১টি |
| ৫ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৯টি |
| ৬ | ট্রাক চালক/ট্রাক্টর চালক/গাড়ীচালক | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৩টি |
| ৭ | সহকারী ম্যাশন | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১টি |
| ৮ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৬টি |
| | | মোট = | ৩৬টি |

উল্লেখ্য, বিজেআরআই এর শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে Web & SMS based আবেদনপত্র সংগ্রহপূর্বক নিয়োগ কার্যক্রম পরিচালনার নিমিত্ত গত ১৮-০২-২০১৮ খ্রিঃ তারিখে বিজেআরআই এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মধ্যে ০২ বৎসর মেয়াদী একটি চুক্তি স্বাক্ষরিত হয় (সংযুক্তি-১)। উক্ত চুক্তির আওতায় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারপূর্বক আপনার প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ ও পরবর্তী কার্যক্রমের বিষয়ে মতামত প্রদানের জন্য (খসড়া নিয়োগ বিজ্ঞপ্তিসহ) নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬/২/১৯
(ড. এস, এম, মাহবুব আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

জেনারেল ম্যানেজার (মার্কেটিং এন্ড ভ্যাস)
টেলিটক বাংলাদেশ লিঃ
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১৩ তলা)
হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭
গুলশান-১, ঢাকা-১২১২।

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

১। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই।
২। পিএস-টু-ডিজি, বিজেআরআই।

কৃষিই সমৃদ্ধি


# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

ফোনঃ ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্সঃ ৯১১৮৪১৫
ইমেইলঃ bjriinfo@yahoo.com


নম্বর-১২.২৩.০০০০.০০৪.১১.০২৮.১৮. তারিখ-

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| নং | পদের নাম<br>বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)<br>Scientific Officer (SO)<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০৮টি | বি,এস,সি,(কৃষি)/এম, এস,/এম, এসসি এবং সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীর বাস্তব অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |
| ২ | সহকারী পরিচালক<br>Assistant Director<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১টি | এমবিএ/ম্যানেজমেন্ট/হিসাব ও অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রী। উপযুক্ত বিভাগীয় প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। |
| ৩ | জুনিয়র ফিল্ড এসিসটেন্ট (জেএফএ)<br>Junior Field Assistant (JFA)<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৭টি | কৃষি ডিপ্লোমা/কৃষি সনদ/এইচএসসি (কৃষি)। কৃষি ডিপ্লোমাধারীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৪ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>Steno Typist Cum Computer Operator<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১টি | সাঁট মুদ্রাক্ষরিক পদের বেলায় সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৬০ ও ৪০ শব্দের গতি সম্পন্ন এবং মুদ্রাক্ষরিক ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতিসহ এইচএসসি পাস। |
| ৫ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>Office Assistant Cum Computer Operator<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৯টি | এইচএসসি পাসসহ বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে ২০ ও ৩০ টাইপের গতি আবশ্যক। |
| ৬ | ট্রাক চালক/ট্রাক্টর চালক/গাড়ীচালক<br>Driver<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৩টি | যানবাহন চালনায় ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাস। হালকা/ভারী যানবাহন চালনার লাইসেন্স থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ৭ | সহকারী ম্যাশন<br>Assistant Mason<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১টি | বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস। |
| ৮ | অফিস সহায়ক<br>Office Support Staff<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৬টি | বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস। |

আবেদনপত্র পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

ক) প্রার্থীর বয়সসীমা ৩১-০১-২০১৯ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/কোটা, আনুষ্ঠানিকতা ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

গ) ক্রমিক নং-৩ হতে ৬ পর্যন্ত পদসমূহের অনুকূলে ঢাকা, নরসিংদী, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, পাবনা, লালমনিরহাট, দিনাজপুর, পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, যশোর, মাগুরা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি এবং বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই (এতিমখানা নিবাসী ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত)।

ঘ) ক্রমিক নং-৭ এবং ৮ এ উল্লিখিত পদসমূহের অনুকূলে নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা, লক্ষ্মীপুর, চাঁদপুর, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, পঞ্চগড়, খুলনা, যশোর, মাগুরা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী এবং ভোলা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই (এতিমখানা নিবাসী ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত)।

ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

চ) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের অনুকূলে আবেদনপত্র দাখিল করতে পারবেন।

ছ) ক্রমিক নং-৩ এ বর্ণিত পদে ইতোপূর্বে কোন প্রার্থী আবেদন করে থাকলে তাকে পুনরায় আবেদন করতে হবে।

জ) আবেদনকারীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঝ) ক্রমিক নং ৪ এবং ৫ এর ক্ষেত্রে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং নিয়োগের শর্তানুযায়ী ব্যবহারিক পরীক্ষায় অত্যাবশ্যকীয় সর্বনিম্ন গতি (সাঁটলিপি/টাইপ) অর্জনকারী প্রার্থীগণই কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হবেন।

(চলমান পাতা-২)

ঞ) আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলী:

(অ) প্রার্থীকে Online এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://bjri.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে Online এ আবেদন পত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online এ আবেদন পত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬-০১-২০১৯ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা

(ii) Online এ আবেদন পত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩১-০১-২০১৯ খ্রিঃ, বিকাল ০৫:০০ ঘটিকা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(আ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (300×80 pixel) ও রঙিন ছবি (300×300 pixel) নির্ধারিত স্থানে Upload করবেন।

(ই) যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঈ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি Print Copy পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ট) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Applicant's Copy প্রার্থী Print/Download করে সংরক্ষণ করবেন। User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ক্রমিক নং-৩ হতে ৬ এ বর্ণিত পদসমূহের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং-৭ ও ৮ এ বর্ণিত পদসমূহের জন্য ২০০/- (দুইশত) টাকা জমা করতে হবে। উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : BJRI<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

দ্বিতীয় SMS : BJRI<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

ঠ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bjri.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় প্রার্থীর মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ড) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যু ইত্যাদি সম্বলিত Admit Card (প্রবেশপত্র) প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী Admit Card (প্রবেশপত্র) টি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঢ) নিয়োগ বিজ্ঞপ্তি, Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি www.bjri.gov.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

ণ) প্রার্থীর যোগ্যতা যাচাই:

(অ) আবেদনকারী যদি কোন ভুল/জাল তথ্য প্রদান অথবা কোন তথ্য গোপন করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার প্রার্থীতা/নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(আ) আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে; অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

(ই) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

ত) বিবিধ:

(অ) এ নিয়োগ বিজ্ঞপ্তি কৃষি মন্ত্রণালয়ের স্মারক নম্বর-১২.০০.০০০০.০৬৩.১১.০০১.১৭-১৯, তারিখ-১০-০১-২০১৮ খ্রিঃ, ১২.০০.০০০০.০৬৩.১১.০০১.১৭.৪৫৪, তারিখ-৩০-১০-২০১৮ খ্রিঃ এবং ১২.০০.০০০০.০৬৩.১১.০১১.১৮.৫১৫, তারিখ-২৬-১২-২০১৮ খ্রিঃ এর আলোকে প্রচার করা হলো।

(আ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

(ড. এস, এম, মাহবুব আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৯১১০৯৫৩